DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 13 Sep 2026, 01:30 PM

সারাদেশ

# সরাইলে হত্যা মামলায় লাশ গুমের অভিযোগে গ্রেপ্তার ১

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি
প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM




ছবি: প্রতিনিধি

ব্রাহ্মণবাড়িয়ার সরাইলে হত্যা করে লাশ গুমের ঘটনায় জড়িত থাকার অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব)-৯।

র‍্যাব-৯, সিপিসি-১, ব্রাহ্মণবাড়িয়ার পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, গোপন সংবাদের ভিত্তিতে গত সোমবার (২০ জুলাই) বিকেল সাড়ে ৪টার দিকে সরাইল উপজেলার কুট্টাপাড়া কবরস্থান এলাকায় বিশেষ অভিযান চালানো হয়। অভিযানে সরাইল থানায় দায়ের করা হত্যা ও লাশ গুম সংক্রান্ত মামলার তদন্তে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সুজন মিয়া (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার সুজন মিয়া সরাইল উপজেলার কুট্টাপাড়া গ্রামের বাসিন্দা। তিনি জয়নাল মিয়ার ছেলে।

র‍্যাব জানায়, প্রাথমিক জিজ্ঞাসাবাদ শেষে গ্রেপ্তার ব্যক্তিকে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য সরাইল থানায় হস্তান্তর করা হয়েছে।

সংস্থাটি আরও জানায়, অপরাধ দমন, পলাতক আসামি গ্রেপ্তার এবং জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে র‍্যাব-৯-এর গোয়েন্দা নজরদারি ও বিশেষ অভিযান অব্যাহত থাকবে।

---

## এ বিভাগের আরও খবর




### ব্রাহ্মণবাড়িয়ায় কনসার্ট ইস্যুতে সমঝোতা, মানতে হবে যে শর্ত

ব্রাহ্মণবাড়িয়া সরকারি কলেজের নবীনবরণ উপলক্ষে কনসার্ট আয়োজনকে কেন্দ্র করে সৃষ্ট বিরোধের অবসান হয়েছে। শনিবার (১৩ সেপ্টেম্বর) সন্ধ্যায় ব্রাহ্মণ...



### আশুগঞ্জে রুমিন ফারহানাকে অবাঞ্ছিত ঘোষণা, বিএনপির ঝাড়ু মিছিল

জাতীয় সংসদে বিএনপির সমালোচনা করে দেওয়া বক্তব্যের প্রতিবাদে ব্রাহ্মণবাড়িয়ার আশুগঞ্জে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার...



### তিতাস নদীর তীরে গ্রাম-বাংলার ঐতিহ্যবাহী নৌকা বাইচ উপভোগে অর্ধ লক্ষাধিক মানুষ

ভাদ্রের তপ্ত রোদ উপেক্ষা করে ব্রাহ্মণবাড়িয়ার তিতাস নদীর দুই তীরে জড়ো হন অর্ধ লক্ষাধিক মানুষ। তাঁদের করতালি ও উচ্ছ্বাসে মুখর হয়ে ওঠে নদীর পাড়...




**বাংলাদেশ ইনোভেশন ফেয়ারে বেরোবির চার উদ্ভাবনী গবেষণা প্রকল্প**

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত জাতীয় পর্যায়ের বাংলাদেশ ইনোভেশন ফেয়ার ২০২৬-এ অংশ নিয়েছে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর (...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.dhakaprobe.com/saradesh/sraile-htja-mamlay-lash-gumer-obhijoge-greptar-1